

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৬৬

80/ কিয়ামত (ﷺ আله عن رسول الله هيامة والرقائق والورع عن رسول الله পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

بَابٌ

## আরবী

حَدَّثَنَا سُویْدٌ، أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ، عَنْ یُونُسَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَیْرِ، وَابْنِ الْمُسَیَّبِ، أَنَّ حَکِیمَ بْنَ حِزَامٍ، قَالَ سَأَلْتُ رَسُولَ اللَّهِ صلى الله علیه وسلم فَأَعْطَانِي ثُمَّ سَأَلْتُهُ فَأَعْطَانِي ثُمَّ قَالَ " یَا حَکِیمُ إِنَّ هَذَا الْمَالَ خَضِرَةٌ حُلُوةٌ فَمَنْ سَأَلْتُهُ فَأَعْطَانِي ثُمَّ سَأَلْتُهُ فَأَعْطَانِي ثُمَّ قَالَ " یَا حَکِیمُ إِنَّ هَذَا الْمَالَ خَضِرَةٌ حُلُوةٌ فَمَنْ الْخَذَهُ بِسِخَاوَةِ نَفْسٍ بُورِكَ لَهُ فِیهِ وَمَنْ أَخَذَهُ بِإِشْرَافِ نَفْسٍ لَمْ یُبَارَكْ لَهُ فِیهِ وَکَانَ كَالَّذِي یَأْکُلُ وَلاَ یَشْبُعُ وَالْیَدُ الْعُلْیَا خَیْرٌ مِنَ الْیَدِ السُّفْلَی " . فَقَالَ حَکِیمٌ فَقُلْتُ یَا رَسُولَ اللَّهِ وَالَّذِي یَا کُلُ وَلاَ یَشْبُعُ وَالْیَدُ الْعُلْیَا خَیْرٌ مِنَ الْیَدِ السُّفْلَی " . فَقَالَ حَکِیمٌ فَقُلْتُ یَا رَسُولَ اللَّهِ وَالَّذِي یَعْتَكَ بِالْحَقِّ لاَ أَرْزَأُ أَحَدًا بَعْدَكَ شَیْئًا حَتَّی أُفَارِقَ الدُّنْیَا . فَکَانَ أَبُو بَکْرٍ یَدْعُو حَکِیمًا إِلَی الْعَطَاءِ فَیَالُّهُ شُیْنًا فَقَالَ حَکِیمًا إِلَی الْعَطَاءِ فَیَالُمُ مِنْهُ شَیْئًا فَقَالَ عَمْرَ لِیْعُطِیهُ فَأَبِی أَنْ یَقْبُلَ مِنْهُ شَیْئًا فَقَالَ عُمْرَ لِیْعُ اللّٰ اللّٰهِ مِلْکُمْ یَا مَعْشَرَ الْمُسُلِمِینَ عَلَی حَکِیمٍ أَنِي أَعْرِضُ عَلَیْهِ حَقَّهُ مِنْ هَذَا الْفَیْءِ مَالًا الله علیه وَسَلَم حَتَّی تُوفِقِی . قَالَ هَذَا حَدِیثٌ صَحِیحٌ . وسلم حَتَّی تُوفِقِیَ . قَالَ هَذَا حَدِیثٌ صَحِیحٌ .

## বাংলা

২৪৬৬. সুওয়ায়দ (রহঃ) ..... হাকিম ইবন হিযাম রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, আমি রালুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে (কিছু মাল) চাইলাম। তিনি আমাকে তা দিলেন। পরে আবার চাইলাম। তখনও তিনি তা আমাকে দিলেন। তারপর অবার চাইলাম। এবারও তিনি আমাকে তা দিলেন। এরপর বললেনঃ হে হাকিম, এ সম্পদ তো সবুজ-শ্যামল ও লোভনীয়। কেউ যদি তা হৃদয়ের বদান্যতার সাথে গ্রহণ করে তার জন্য তা বরকতময় করে দেওয়া হয়। আর কেউ যদি তা মনের লোভে গ্রহণ করে তবে এতে তার জন্য কোন বরকত হয় না। ঐ ব্যক্তির মত অবস্থা হয় যে ব্যক্তি খায় কিন্তু পেট ভরে না। আর উপরের হাত (দানের হাত) নীচের হাত (গ্রহীতার হাত) থেকে উত্তম।

হাকীম রাদিয়াল্লাহু আনহ বলেন, আমি বললামঃ ইয়া রাসূলাল্লাহ, এ দুনিয়া যতদিন ত্যাগ করে না গেছি ততদিন



আপনার আর কাউকে কিছু চেয়ে তার সম্পদ হ্রস ঘটাব না। পরে আবূ বকর রাদিয়াল্লান্থ আনহু হাকীম রাদিয়াল্লান্থ আনহু-কে কিছু দিতে ডেকেছিলেন কিন্তু তিনি তা গ্রহণ করতে অস্বীকার করেন। এরপর উমার রাদিয়াল্লান্থ আনহুও তাকে কিছু দিতে ডেকেছিলেন। কিন্তু তিনি কিছু নিতে অস্বীকার করেন। তখন উমার রাদিয়াল্লান্থ আনহু বললেনঃ হে মুসলিম সম্প্রদায়, হাকীমরে বিষয়ে আমি তোমাদিগকে সাক্ষী রাখছি যে, ফাঈ সম্পদ থেকে তার প্রাপ্য হক আমি তার কাছে পেশ করেছিলাম কিন্তু তিনি তা গ্রহণ করতে অস্বীকার করেছেন। যা হোক, নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম এর পর মৃত্যু পর্যন্তও হাকীম রাদিয়াল্লান্থ আনহু আর কারো কাছে কিছু গ্রহণ করেনিন। সহীহ, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪৬৩ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) হাদীসটি সহীহ।

## **English**

'Urwah bin Az-Zubair and Ibn Musayyab narrated that Hakim bin Hizam said: "I (once) asked the Messenger of Allah (s.a.w) (for something) and he gave it to me. Then I asked him (again) and he gave it to me. Then I asked him (again) and he gave it to me. Then I asked him (again), so he gave it to me. Then he said: 'O Hakim! Indeed this wealth is green and sweet, so whoever takes it without asking for it, he will be blessed in it. And whoever takes it, insisting upon it, he will not be blessed in it. He is like the one who eats but does not get satisfied and contended. And the upper hand (giving) is better than the lower hand (receiving)." So Hakim said: "I said: 'O Messenger of Allah! By the One who sent you with the Truth! I shall not ask anyone for anything after you until I depart the world."So Abu Bakr used to call Hakim to give him something, but he refused to accept it. Then 'Umar called him to give to him, but he refused to accept it. So 'Umar said: "O you Muslims! I would like you to bear witness that I presented Hakim with his due of these spoils of war but he refused to accept it." So Hakim never asked anyone of the people for anything after the Messenger of Allah, until he died.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হাকীম ইবন হিযাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন